

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
কর্ণফুলী, চট্টগ্রাম।

তারিখ : ২৯/০৫/২০২৩ খ্রি.

স্মারক নং- ১৩.০১.১৫৩৯.০০১.৪২.০০১.২৩. ১৪০

বিষয় : খাদ্যবান্ধব কর্মসূচীর অধীন নতুন উপকারভোগী ভোক্তার তালিকা প্রেরণ প্রসঙ্গে।

সূত্র : ১। খাদ্য মন্ত্রণালয়ের ১৫/০৫/২০২৩ খ্রি: তারিখের ১০৩ নং স্মারক

২। অত্র দপ্তরের ২৯/০৫/২০২৩ খ্রি: তারিখের ১৪৬ নং স্মারক।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, খাদ্যবান্ধব কর্মসূচীর অধীন কর্ণফুলী উপজেলায় ৫০০০ (পাঁচ হাজার) জন নতুন ভোক্তা অন্তর্ভুক্তির জন্য সূত্রস্থ ১ নং স্মারকে বরাদ্দ প্রদান করা হয়। উক্ত ৫০০০ (পাঁচ হাজার) জন ভোক্তা হতে সূত্রস্থ ২ নং স্মারকে আপনার ইউনিয়নেজন ভোক্তার বিভাজন করা হয়। এ প্রেক্ষিতে খাদ্যবান্ধব নীতিমালা ২০১৭ মোতাবেক জন নতুন উপকারভোগীর তালিকা অত্র দপ্তর হতে প্রেরিত ছক অনুযায়ী নিক্স ফ্রন্ট ব্যবহার করে ১৭ কলাম বিশিষ্ট Excell Sheet এ আগামী ১৫/০৬/২০২৩ খ্রি: তারিখে মধ্যে উপজেলা খাদ্যবান্ধব কমিটির বরাবরে হার্ডকপি ও সফটকপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

ওয়ার্ড ভিত্তিক দারিদ্রের প্রকোপ, দুঃস্থতা বিবেচনা করে ইউনিয়ন পর্যায়ে বসবাসরত নিম্ন আয়ের দরিদ্র জনসাধানের মধ্য হতে বাছাই করে তালিকা তৈরী করতে হবে। খাদ্যবান্ধব নীতিমালার ৩ নং অনুচ্ছেদ এর উপ -অনুচ্ছেদ ৩.৪ নং নির্দেশনা মোতাবেক

যাদেরকে অন্তর্ভুক্ত করা যাবে---

১। গ্রামে বসবাসরত সব চেয়ে হত দরিদ্র পরিবার, ভূমিহীন, কৃষি শ্রমিক, দিন মজুর, উপার্জনে অক্ষম ব্যক্তি।

২। বিধবা/তালাক প্রাপ্ত/স্বামী পরিত্যাগ/ অস্বচ্ছল বয়স্ক নারী প্রধান পরিবার এবং যে সব দুঃস্থ পরিবারে শিশু বা প্রতিবন্ধি রয়েছে তাদেরকে অগ্রাধিকার দিতে হবে, এবং বাছাইকৃত উপকারভোগীর স্থানীয় বাসিন্দা হিসেবে জাতীয় পরিচয় পত্র (NID) থাকতে হবে।

যাদেরকে অন্তর্ভুক্ত করা যাবে না---

১। একই পরিবারে একাধিক ব্যক্তি।

২। ভিল্ডিউডি তালিকায় নাম আছে এমন ব্যক্তিকে তালিকায় অন্তর্ভুক্ত করা যাবে না।

এমতাবস্থায়, মাননীয় প্রধান মন্ত্রীর অগ্রাধিকার প্রকল্পের একটি গুরুত্ব পূর্ব কর্মসূচী হিসেবে উক্ত কার্যক্রম সুষ্ঠু ও সফল ভাবে বাস্তবায়নে জন্য আপনার আন্তরিক সহযোগিতা কামনা করি।

সংযুক্ত : ১। ছক – ১ প্রস্থ।

প্রাপকঃ

চেয়ারম্যান,

চরপাথরঘাটা/চরলক্ষ্যা/বড়উঠান/জুলখা/শিকলবাহা, ইউনিয়ন পরিষদ,

কর্ণফুলী, চট্টগ্রাম।

স্মারক নং- ১৩.০১.১৫৩৯.০০১.৪২.০০১.২৩.১৪০

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে।

০১. মাননীয় সংসদ সদস্য (চট্টগ্রাম -১৩) আনোয়ারা-কর্ণফুলী, চট্টগ্রাম।

০২. জেলা প্রশাসক, চট্টগ্রাম।

০৩. আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

০৪. জেলা খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম।

০৫. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কর্ণফুলী উপজেলা, চট্টগ্রাম।

০৬. উপজেলা নির্বাহী অফিসার, কর্ণফুলী, চট্টগ্রাম।

০৭. ভাইস চেয়ারম্যান, পুরুষ/মহিলা, কর্ণফুলী উপজেলা, চট্টগ্রাম।

০৮. উপজেলা কর্মকর্তা, কর্ণফুলী, চট্টগ্রাম।

০৯. চেয়ারম্যান..... (সকল) ইউনিয়ন পরিষদ, কর্ণফুলী, চট্টগ্রাম।

১০. তদারকী কর্মকর্তা (সকল)..... ইউনিয়ন, কর্ণফুলী, চট্টগ্রাম।

১১. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আনোয়ারা এলএসডি, আনোয়ারা, চট্টগ্রাম।

১২. খাদ্য পরিদর্শক, কর্ণফুলী উপজেলা, কর্ণফুলী, চট্টগ্রাম।

১৩. অফিস নথি।

১/-

(তপন কুমার বড়ুয়া)

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (অ: দা:)

কর্ণফুলী, চট্টগ্রাম।

ই-মেইল: ucf.karnafulictg@gmail.com

তারিখ : ২৯/০৫/২০২৩ খ্রি.

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
কর্ণফুলী, চট্টগ্রাম।